বিশ্ববিদ্যালয়ের ওপর হামলার প্রসঙ্গে বলা হয়েছে, এই ঘটনার তদন্ত বিশ্ববিদ্যালয় করেছিল, মানবাধিকার কমিশনও করে। সব রিপোর্টই সরকারের কাছে আছে। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের আর কিছুই করার নেই।

শিক্ষকরাও সাধারণ ধর্মঘটের সমর্থনে

আজকালের প্রতিবেদন: ধর্মঘটে সামিল হচ্ছে রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয়গুলির শিক্ষক সংগঠন। তারা আজ, বুধবার ক্লাস না নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। ফলে বিশ্ববিদ্যালয়গুলিতে পঠনপাঠন কার্যত না হওয়ারই আশঙ্কা তৈরি হয়েছে। ১৭ দফা দাবির ভিত্তিতে আজ দেশ জুড়ে সাধারণ ধর্মঘটের ডাক দিয়েছে শ্রমিক সংগঠনগুলি। এ আই ফুকটো এই ধর্মঘটকে সমর্থন জানিয়েছে। সেই মতো রাজ্যে এই ধর্মঘটকে সমর্থন জানিয়ে সামিল হওয়ার সিদ্ধান্ত অনেক আগেই নেয় পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি বা ওয়েবকুটা। ওয়েবকুটার তরফে উচ্চশিক্ষা দপ্তরে চিঠি দিয়ে জানানো হয় সংগঠনের কোনও সদস্য ধর্মঘটের দিল ক্লাসে নেবেন না। ওয়েবকুটার পর এবার কলকাতা, রবীন্দ্রভারতীর শিক্ষক সংগঠন ধর্মঘটকে সমর্থন করে জানিয়েছে তারা এদিন কোনও ক্লাস নেবে না। তবে আজ, কোনও বিশ্ববিদ্যালয়ে বড় কোনও পরীক্ষা নেই বলেই জানা গেছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের আইনের পরীক্ষা রয়েছে। সেই পরীক্ষা বাতিল করা হয়নি। তবে ধর্মঘটের কারণে কেউ পরীক্ষা দিতে না পারলে এবং বিশ্ববিদ্যালয়ের কাছে আবেদন করলে তা খতিয়ে দেখা হবে বলে জানা গেছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধিকাংশ শিক্ষকই কুটার সমর্থক। ফলে আজ কেউ ক্লাস না নিলে বিশ্ববিদ্যালয়ে পঠনপাঠন হবে না বলাই চলে। রবীন্দ্রভারতীর শিক্ষক সংগঠনও ক্লাস না নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সংগঠন জুটা এ ব্যাপারে কোনও সিদ্ধান্ত না নিলেও তারা এ আই ফুকটোর সদস্য হওয়ায় তাদের চিঠিটি প্রতিটি শিক্ষকের কাছে পাঠিয়ে দিয়েছে। শিক্ষকরা কী করবেন সেটা তাঁদের ওপরই নির্ভর করছে। যাদবপুরের মতো একই রাস্তায় হেঁটে বারাসতের রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সংগঠনও শিক্ষকদের ওপরই সবটা ছেড়েছেন। যাঁরা চাইবেন তাঁরা ক্লাস নেবেন, যাঁরা চাইবেন না নেবেন না।

গৌতম চক্রবর্তী: স্কুল ও কলেজের সামনে দাঁড়িয়ে ছাত্রীদের উত্যক্ত করার অভিযোগ আসছিল প্রায়ই। মঙ্গলবার অভিযান চালিয়ে পুলিস ২টি মোটরবাইক-সহ ১০ জন ইভটিজারকে গ্রেপ্তার করল। সোনারপুর থানার ঘটনা। আগেই সোনারপুর থানা এলাকায় মদ, জুয়া, সাট্টার বিরুদ্ধে পুলিস অভিযান চালিয়ে দারুণ সফল হয়েছে। থানা এলাকায় বেআইনি মদ ব্যবসা প্রায় বন্ধ করে দিয়েছে এই থানার পুলিস। মঙ্গলবার দু'দফায় পুলিস এই অভিযান চালায় সোনারপুর থানার অন্তর্গত প্রায় প্রতিটি মেয়েদের স্কুলের সামনে এবং এলাকার কলেজে কলেজে।

আজকালের প্রতিবেদন: হস্টেলের দাবিতে পি জি হাসপাতালে মঙ্গলবার বিক্ষোভ দেখায় এম বি বি এসের প্রথম বর্ষের ছাত্রী ও অভিভাবকরা। কলেজের অধিকর্তা মঞ্জু ব্যানার্জি এবং ডিন অমলকান্তি দাসকে ঘিরে বিক্ষোভ দেখাতে থাকেন। অ্যাকাডেমি বিল্ডিংয়ে ডিনকে ঘেরাও করে রাখা হয়। মঙ্গলবার থেকে এম বি বি এসের প্রথম বর্ষের ক্লাস শুরু হয়। কিন্তু ছাত্রীদের হস্টেলের কোনও ব্যাবস্থা করা হয়নি। প্রথম বর্ষের ছাত্ররা কলেজ ক্যাম্পাসের বাইরে হস্টেল পেলেও ছাত্রীদের জন্য ব্যবস্থা করা হয়নি বলে অভিযোগ। ছাত্রীদের সমস্যার কথা ডি এস ও-এর তরফে কর্তৃপক্ষকে বার বার জানিয়েও কোনও লাভ হয়নি বলে অভিযোগ জানান ডি এস ও-র পি জি ইউনিটের সম্পাদক কবিউল হক। তবে পি জি কর্তৃপক্ষ ঘোষণা করেন আগামী সোমবারের মধ্যে আলাদা অস্থায়ী হস্টেলের ব্যবস্থা করা হবে।

কলকাতা ডেটস রিকভারি ট্রাইবুনাল নং ১

৪২ সি, জওহরলাল নেহরু রোড, ১০ম তল, জীবন সুধা বিল্ডিং,কলকাতা ৭১।

কেস নং আর পি/৩৭/১৩ ও এ/২৫৬/১২ থেকে উদ্ভূত

ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক

বনাম

শ্রী বিমল কুণ্ডু

সংশোধনী

উপরোক্ত অ্যাকাউন্ট বিষয়ে এই সংবাদপত্রে ২৪.০৭.২০১৫ তারিখে প্রকাশিত বিক্রয় বিজ্ঞপ্তি দ্রষ্টব্য, ই-অকশন ২৬.০৮.২০১৫-এর পরিবর্তে ২৩.০৯.২০১৫ পড়তে হবে এবং নিম্ন স্বাক্ষরকারী ই এম ডি জমার তারিখ ২১.০৯.২০১৫ পর্যন্ত সম্প্রসারিত করেছে। অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

রিকভারি অফিসার

কলকাতা ডেটস রিকভারি ট্রাইবুনাল-১

কলকাতা

Notice inviting Tender No:-08 of 2015- 2016.

Assistant Engineer, P.W.D, Hooghly Construction Sub-Divn. No:-III , Bagkhal, Konnagore, Hooghly Invites tender vide N.I.T No:- 08of 2015- 2016 from bonafide Resourceful Agency having technical & inancial capability of performing the Job

i)Emergent work for temporary arrangement to running traffic by dismantling fully damaged box culvert and repairing depressions at 11th Kmp of SBC road in the district of Hooghly during the year 2015 – 16.

ii) Emergent work for Repairing potholes & depressions from 11 Kmp to 17.84 Kmp of SBC road in the district of Hooghly during the year 2015 – 16.

iii) Emergent work for Repairing potholes & depressions from 1.2 Kmp to 9.00 Kmp of SBC road in the district of Hooghly during the year 2015 – 16.

Last date of receiving application :- 09.09.2015 upto 2.00 PM

Last date of purchase :- 11.09.2015 upto 2.00PM

Last date of dropping :- 14.09.2015 upto 2.00PM

Assistant Engineer P.W.D Hooghly Construction Sub- Division No:- III Baghkhal,Konnagar,Hooghly

গোবিন্দ সুগার মিলস লিমিটেড

CIN: L15421WB1952PLC020577

রেজিস্টার্ড অফিস: ৯/১, আর এন মুখার্জি রোড, কলকাতা-৭০০ ০০১

ই-মেল: ig.gsml.@adventz.com

ওয়েবসাইট: www.gobindsugar.com

৬৩তম বার্ষিক সাধারণ সভা, ই-ভোটিং এবং বুক ক্লোজার সম্পর্কিত বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা জানানো যাচ্ছে যে, কোম্পানির সদস্যবর্গের তেষট্টিতম (৬৩তম) বার্ষিক সাধারণ সভা (এ জি এম) ২৫ সেপ্টেম্বর, ২০১৫, শুক্রবার, বেলা ২-৪৫টায় অনুষ্ঠিত হবে; স্থান- কোম্পানির রেজিস্টার্ড অফিস: ৯/১, আর এন মুখার্জি রোড, কলকাতা-৭০০ ০০১। উক্ত সভায় যে সকল বিষয়ের ওপর আলোচনার প্রস্তাব রয়েছে সেগুলি উক্ত সভা আহ্বায়ক নোটিসের মধ্যেই উল্লেখ করা হয়েছে এবং এই নোটিস সকল সদস্যের কাছেই ৩১ আগস্ট, ২০১৫ তারিখে তাঁদের প্রত্যেকের রেজিস্টার্ড ঠিকানায় পাঠিয়ে দেওয়া হয়েছে; সঙ্গে পাঠানো হয়েছে ৩১ মার্চ, ২০১৫-তে শেষ হওয়ার আর্থিক বছর বাবদ পরীক্ষিত হিসাবপত্র ও ডিরেক্টরবর্গের রিপোর্টের কপি। এ সমস্তই কোম্পানির ওয়েবসাইটেও পাওয়া যাবে যথা: www.gobindsugar.com

তালিকা চুক্তির প্রকরণ ৩৫বি এবং কোম্পানি (পরিচালন ও প্রশাসন) বিষয়ক আইনবিধি ২০১৪-এর সংবিধি নং ২০ সহযোগে পঠনীয় কোম্পানি বিষয়ক আইন, ২০১৩ (সংক্ষেপে আইন)-এর ১০৮ নং ধারার বিধান অনুসারে কোম্পানি তার সদস্যবর্গের জন্য আনন্দের সঙ্গে উক্ত সভা আহ্বায়ক বিজ্ঞপ্তিতে বলা সমস্ত প্রস্তাবের ওপর ইলেকট্রনিক পদ্ধতিতে এমনকি রিমোট ই-ভোটিং পদ্ধতিতেও (অর্থাৎ সভাস্থল ছাড়াও অন্য যে কোনও পদ্ধতিতে বৈদ্যুতিনভাবে ভোটদানের সুবিধা) ভোটাধিকার প্রয়োগের সুযোগ দিচ্ছে; আবার সভাস্থলে হাজির হয়ে ভোটাধিকার প্রয়োগের সুযোগ দিচ্ছে। বৈদ্যুতিন পদ্ধতিতে ভোটদান প্রক্রিয়া নির্বাহনের জন্য কোম্পানি সি ডি এস এল-এর পরিষেবা নিয়োগ করেছে।

ই-ভোটিং পর্ব শুরু হবে ২২ সেপ্টেম্বর, ২০১৫, মঙ্গলবার সকাল ৯টায় এবং শেষ হবে ২৪ সেপ্টেম্বর, ২০১৫, বৃহস্পতিবার, বিকেল ৫টায়। এই সময়সীমার পরই সি ডি এস এল ই-ভোটিং প্রক্রিয়া নিষ্ক্রিয় করে দেবে। উক্ত আইন ও সংবিধ সমূহের আওতাভুক্ত অন্যান্য বিবরণ ও তথ্যাদি নিচে দেওয়া হল:—

(১) ভিত্তি তারিখ ১৮ সেপ্টেম্বর, ২০১৫ অনুযায়ী কোম্পানির যে সকল সদস্য বাস্তব আকারে বা অবাস্তব আকারে শেয়ার ধারণ করছেন তারাই কেবলমাত্র এ জি এম-তে রিমোট ই-ভোটিং বেং ভোটিং-এর সুবিধা পাবেন।

(২) যে সকল ব্যক্তি শেয়ার সংগ্রহ করেছেন এবং ১৮ সেপ্টেম্বর, ২০১৫ তারিখের পূর্বে অর্থাৎ ভিত্তি তারিখের পূর্বে নোটিস প্রেরণের পরে কোম্পানির সদস্য হয়েছেন তারা কোম্পানির রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্টস, লিঙ্ক ইনটাইম ইন্ডিয়া প্রাঃ লিঃ, ৫৯ সি, চৌরঙ্গি রোড, ৪র্থ তল, কলকাতা- ৭০০০২০ (ফোন নং +৯১ ৩৩ ২২৮৯০৫৪০; E- mail: Kolkata@linkintime.com) বা সি ডি এস এল (ফোন নং: ১৮০০২০০৫৫৩৩, Email: helpdesk.evoting@cdslindia.com)থেকে ই-ভোটিং-এর জন্য ইউজার আই ডি এবং পাসওয়ার্ড পেতে পারেন।

(৩) এ জি এম-এর নোটিস সি ডি এস এল ওয়েবসাইট www.evotingindia.comথেকে পাওয়া যাবে। ই-ভোটিং সম্পর্কিত বিস্তারিত নির্দেশাবলীর জন্য সদস্যদের এ জি এম-এর নোটিসের দ্রষ্টব্য ১৬ দেখতে অনুরোধ করা হচ্ছে।

(৪) যে সকল সদস্য সভার পূর্বে রিমোট ই-ভোটিং দ্বারা তাদের ভোট দিয়েছেন তারা সভায় উপস্থিত থাকতে পারবেন তবে, পুনরায় ভোট দিতে পারবেন না।

(৫) ই-ভোটিং সম্পর্কিত যে কোনও জিজ্ঞাসার জন্য শেয়ার হোল্ডারদের জন্য নির্ধারিত এফ এ কিউ-এর সহায়তা নিতে পারেন এবং শেয়ার হোল্ডারদের জন্য ই-ভোটিং ম্যানুয়াল **www.evotingindia.com**-তে পাওয়া যাবে বা যোগাযোগ করুন: সি ডি এস এল, ফোন নং- ১৮০০২০০৫৫৩৩ **E-Mail: helpdesk.evoting@cdslindia.com**

কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ৯১ ধারা এবং তার অধীনে তৈরি নিয়মাবলি এবং লিস্টিং এগ্রিমেন্টে-এর ক্লজ ১৬ এর শর্তাধীনে আরও বিজ্ঞাপিত করা যাচ্ছে যে, কোম্পানির সদস্যদের রেজিস্টার এবং শেয়ার ট্রান্সফার বুক কোম্পানির ৬৩ তম এ জি এম- এর জন্য ১৯ সেপ্টেম্বর, ২০১৫ থেকে ২৫ সেপ্টেম্বর, ২০১৫ (উভয় দিন সহ) পর্যন্ত বন্ধ থাকবে।

গোবিন্দ সুগার মিলস লিমিটেড-এর পক্ষে

স্বাঃ

তারিখ: ১ সেপ্টেম্বর, ২০১৫

স্থান: গুরগাঁও

লক্ষ্মণ আগরওয়াল

কোম্পানি সেক্রেটারি